



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।



স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.১২৯

তারিখ: ৭ কার্তিক ১৪২৯

২৩ অক্টোবর ২০২২

বিষয়: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)-এর “সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন” কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি: নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব)

সভার তারিখ: ১৯.১০.২০২২ খ্রি.

সময়: বেলা ১০.০০ ঘটিকা

স্থান: সভাপতির কক্ষ (রুম নং-৪০৩)

উপস্থিতি: পরিশিষ্ট-ক

১.০ সূচনা:

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)’র “সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন” কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভা গত ১৯ অক্টোবর, ২০২২ তারিখ বেলা ১০:০০ ঘটিকায় কমিটির সভাপতির সভাপতিত্বে অধিদপ্তরের ৪র্থ তলায় সভাপতির কক্ষে (কক্ষ নং-৪০৩) এ অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২.০ আলোচনা:

সভাপতির অনুমোদনক্রমে কমিটির সদস্য জনাব মোহাম্মদ আলমগীর কবীর, উপ-পরিচালক (ভূতত্ত্ব) সভায় বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার বিভিন্ন দিক তুলে ধরেন। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিভিন্ন পরিকল্পনা বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

৩.০ সিদ্ধান্তসমূহ:

ক)	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্যক্রম (১.১) মোতাবেক পরিবীক্ষণ কমিটি ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সময়ের জন্য পূর্নগঠনের লক্ষ্যে অফিস আদেশ জারির নিমিত্ত পরিকল্পনা ও বাস্তবায়ন শাখায় পত্র প্রেরণ।
খ)	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্যক্রম (১.৩) অনুযায়ী জিএসবি’র অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স অ্যাসেসমেন্ট, স্তরতত্ত্ব ও জীবস্তরতত্ত্ব, প্রকাশনা ও প্রশিক্ষণ, পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ অ্যাসেসমেন্ট এবং শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখার সাথে আগামী ০৯ নভেম্বর, ২০২২ তারিখে ত্রৈমাসিক সভা আয়োজন।
গ)	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্যক্রম (১.৪) মোতাবেক জিএসবি’র সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ওয়েবসাইটে আপলোডকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
ঘ)	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্যক্রম (২.১) অনুযায়ী উক্ত সময় পর্যন্ত হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অধিদপ্তরের সকল শাখার সমন্বয়ে একটি কর্মশালা আগামী ২২ নভেম্বর, ২০২২ তারিখ আয়োজন।
ঙ)	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্যক্রম (২.২) মোতাবেক আগামী ৬ ডিসেম্বর, ২০২২ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।
চ)	সভার কার্যবিবরণী সভাপতি মহোদয়ের অনুমোদনের পর পরিবীক্ষণ কমিটির সাথে ৩১ অক্টোবর, ২০২২ সভা আয়োজন।

৪.০ সমাপ্তি:

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৩-১০-২০২২

নাসিমা বেগম

পরিচালক (ভূতত্ত্ব)

বিতরণ :

- ১) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) সহকারী পরিচালক (রসায়ন)-৩, বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.১২৯/১

তারিখ: ৭ কার্তিক ১৪২৯

২৩ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



২৩-১০-২০২২

মোহাম্মদ আলমগীর কবীর

উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১